নেত্রকোণা সদর উপজেলা পরিষদের অক্টোবর ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : তানিয়া তাবাসসুম, প্রশাসক,উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ : ২৮.১০.২০২৪
সভার সময় : বেলা ১১.০০ ঘটিকা
সভা নং : ০৫

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক ও খ দ্রষ্টব্য ঃ

প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, জনাব তানিয়া তাবাসসুম উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্র নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি ২০২৪-২০২৫ অর্থ বছরের (বার্ষিক উন্নয়ন কর্মসূচি) এডিপি ১ম কিস্তি ২৬,৬৫,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে ও উপজেলা উন্নয়ন তহবিলের স্থানান্তরকৃত ৩,০৬,০০,০০০/- তহবিলে রক্ষিত আছে। তিনি দ্রুত প্রকল্প গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান।<br><br>তাছাড়া তিনি আরো জানান নেত্রকোণা সদর উপজেলা নির্বাহী অফিসারের সরকারি বাসভবনটি দীর্ঘ দিনের পুরানো। বাসভবনটির ছাদ ও দেয়াল জীর্ণ এবং স্যাতস্যাতে, যার কারণে ভবনটি বসবাসের অযোগ্য হয়ে পড়েছে বিধায় বাসভবনটি পরিত্যাক্ত ঘোষনার প্রস্তাব প্রাক্কলনসহ জেলা কনডেমশন কমিটিতে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং পাশাপাশি একইস্থানে হালনাগাদ ডিজাইনে নতুন বাসভবন নির্মাণের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণ করার জন্য গত নভেম্বর ২০২৩ মাসের উপজেলা পরিষদের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে তিনি উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি নিলামে বিক্রয়ের জন্য ৭,৩১,৬২৪/- টাকার প্রাক্কলন প্রস্তুত করেন তার মধ্যে অপসারনজনিত খরচ ৩,৪৩,০১৭/- বাদে নীট ৩,৮৮,৬০৭/- অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>লক্ষীগঞ্জ তেয়শ্রী বাজার হতে লক্ষীগঞ্জ বাজার রাস্তায় ১৮৬০.০০ মিটার চেইনেজে বক্সকালভার্টটি জরুরী মেরামত করা প্রয়োজন। যেকোন সময় বক্সকালভার্টটি ভেঙে যেতে পারে এবং যোগাযোগ বিচ্ছিন্ন হতে পারে। তিনি ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি/উন্নয়ন সহায়তা তহবিল হতে বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>পুরাতন কালেক্টরেট মাঠের পাশে ওমেন্স ট্রেনিং ও সেলস সেন্টারটির উন্নয়ন/সংস্কারের জন্য উপজেলা উন্নয়ন তহিবল হতে বরাদ্দ প্রদানের জন্য সভায় আলোচনা হয়। উক্ত সংস্কার / উন্নয়ন কার্যক্রম কোটেশন পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের জন্য আলোচনা হয়। | (ক) ২০২৪-২০২৫ অর্থ বছরের (বার্ষিক উন্নয়ন কর্মসূচি) এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় বরাদ্দকৃত অর্থ দ্বারা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি পরিত্যক্ত ঘোষণার প্রস্তাব প্রাক্কলনসহ জেলা কনডেমেশন কমিটিতে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) উপজেলা নির্বাহী অফিসারের সরকারি নতুন বাসভবন নির্মাণের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি নিলামে বিক্রয়ের জন্য প্রাক্কলিত ৭,৩১,৬২৪/- টাকার মধ্যে অপসারনজনিত খরচ ৩,৪৩,০১৭/- বাদে নীট ৩,৮৮,৬০৭/- অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঙ) লক্ষীগঞ্জ তেয়শ্রী বাজার হতে লক্ষীগঞ্জ বাজার রাস্তায় ১৮৬০.০০ মিটার চেইনেজে বক্সকালভার্টটি মেরামতের জন্য এডিপি/উন্নয়ন সহায়তা তহবিল হতে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(চ) পুরাতন কালেক্টরেট মাঠের পাশে ওমেন্স ট্রেনিং ও সেলস সেন্টারটির উন্নয়ন/সংস্কারের জন্য উপজেলা উন্নয়ন তহিবল হতে প্রয়োজনীয় বরাদ্দ দ্বারা কোটেশন পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, নেত্রকোণা সদর, নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। প্রতিমাসে নিয়মিত স্কুল পরিদর্শন করা হয়। বিদ্যালয়ে নিয়মিত শিক্ষকদের ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতি মনিটরিং করা হচ্ছে। ডেঙ্গু মশাবাহিত রোগ নিয়ন্ত্রণে বিদ্যালয়ের আশ-পাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রধান শিক্ষকগণকে | (ক) নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(খ) বিদ্যালয়ে যথাসময়ে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করত হবে। | উপজেলা প্রকৌশলী<br><br>উপজেলা শিক্ষা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>তাছাড়া আরো জানান তার কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীর তুলনায় রুমের সংখ্যা পর্যাপ্ত নয়। তাই উপজেলা শিক্ষা অফিসে ভবনের দুতলা সম্প্রসারণ করা প্রয়োজন। এ বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন এবং যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>চেয়ারম্যান, লক্ষীগঞ্জ ইউপি জানান উপজেলার কর্মকর্তাগণ বিভিন্ন কাজে বিভিন্ন ইউনিয়ন ভ্রমণ করেন। উক্ত ভ্রমণকালে যেকোন বিদ্যালয় ভিজিট করার জন্য অনুরোধ জানান। ফলে শিক্ষার মানোন্নয়নে সহায়ক ভূমিকা পালন করবে। | (গ) শিক্ষার্থী ঝড়ে পড়া রোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) বিদ্যালয়ের আঙিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) যে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নেই তা দ্রুত গঠনের পদক্ষেপ নিতে হবে।<br>(চ) যে সকল প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক অকোজো আছে তা সরেজমিন পরিদর্শন পূর্বক তালিকা প্রস্তুত করে উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী বরাবর প্রেরণ করতে হবে।<br>(ছ) বিদ্যালয়ের জরাজীর্ণ ভবন এবং ঝড়ে পড়ে যাওয়া গাছ নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(জ) উপজেলা শিক্ষা অফিসে ভবনের দুতলা সম্প্রসারণের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার, নেত্রকোকাণা সদর |
| ৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, রবি/২০২৪-২৫ মৌসুমে আমন আবদ লক্ষ্যমাত্রা ১৯,৪৪০ হেক্টর নির্ধারণ করা হয়। অর্জন হাইব্রীড-১৯৫০০। পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যায় ক্ষতিগ্রস্ত হয় প্রায় ৫৮০ হে: ফসলি জমি। বর্তমানে মাঠে দন্ডায়মান রোপা আমন ফসল, হাইব্রিড ১১০০ হে:, উফশী-১৭৫২৫ হে:, স্থানীয়-২৯৫ হে: মোট = ১৮,৯২০ হে:। আবাদকৃত আমন আগাম জাত গুলোর কিছু কিছু কর্তন শুরু হয়েছে। ফলন অন্যান্য বছরের তুলনায় ভাল। ফসলের রোগ পোকার আক্রমনের তীব্রতা কম মাত্রায় আছে। সার্বিক বিবেচনায় ফসলের অবস্থা ভাল। উপ-সহকারী কৃষি অফিসারগণ সার্বক্ষণিক কৃষকদের পাশে থেকে ফসলের পোকা মাকড় ও রোগবালাই দমনসহ অন্যান্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন। প্রাকৃতিক কোন প্রকার দুর্যোগ না আসলে ভাল ফলন আশা করেন। তিনি জানান গত ২৩/১০/২০২৪ তারিখে রাসায়নিক সার ইউরিয়া-২৯৫ মে.টন, টিএসপি-৯৩, মে. টন এমওপি-১১২ মে.টন, ডিএপি-১০২ মে.টন মজুদ আছে।<br><br>তিনি আরো জানান বন্যা পরবর্তী পুনর্বাসনের জন্য কৃষি প্রনোদনার বরাদ্দ আসলে ইউপি চেয়ারম্যানগণের মাধ্যেমে তালিকা তৈরি করা হবে। | (ক) সার ও বীজের কৃত্রিম সংকট যেন না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণের পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) কৃষি উৎপাদন (ধান, সরিষা, শাক সবজি, ফলমূল, পাট) বাড়াতে কর্মপরিকল্পনা প্রনয়ন করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) ইউনিয়নওয়ারী বিভিন্ন প্রকার সার কি পরিমান মজুদ আছে তা সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঙ) সারের বরাদ্দ ও বিতরণের তথ্যাদি ইউনিয়ন পরিষদের হোয়াটস্ অ্যাপস গ্রুপে প্রদান করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৪. | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, গবাদি পশুর টিকা-৪৯১৩০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা-২২৫০০মাত্রা, গবাদি পশুর চিকিৎসা-৩২৩১টি, হাস-মুরগীর চিকিৎসা ২৮৫৮৭ টি এবং কৃত্রিম প্রজনন-৭৫৩ টি। নেত্রকোণা সদর উপজেলায় গবাদিপশুর খামার সংখ্যা ২৯৪টি। | (ক) উপজেলায় কতটি গবাদি পশুর খামার আছে তার সঠিক সংখ্যা আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) গবাদি পশু মোটা তাজাকরণে রাসায়নিক দ্রব্য ব্যবহার প্রতিরোধে নিয়মিত মনিটরিং করতে হবে।<br>(গ) গবাদি পশুর রোগ ব্যাধি কমাতে ,মাঠ পর্যায়ে খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৫. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের টি. আর ও কাবিখা আওতায় প্রকল্পের তালিকা দেওয়ার জন্য অনুরোধ জানান । তাছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০২৪-২০২৫ অর্থ বছরের টি. আর ও কাবিখা আওতায় প্রকল্পের তালিকা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার<br><br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান মৎস্য সুরক্ষায় মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন এর আওতায় জলাশয়ে অবৈধ বাঁধ অপসারণ কার্যক্রম চলমান রয়েছে।<br><br>তিনি স্থানীয় বাজারে বিভিন্ন মৎস্য ও পশু খাদ্যের মোড়কে উল্লিখিত মান যাচাইয়ের কার্যক্রম চলমান আছে মর্মে জানান। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে সরেজমিন পরিদর্শন করে খামারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে।<br>(গ) নদী, খাল ও মুক্ত জলাশয়ে নিষিদ্ধ জাল, মাছ ধরার উপকরণ ব্যবহার রোধে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) ইউপি চেয়ারম্যানগণকে জলাশয়ে অবৈধ বাঁধ অথবা স্থাপনা অপসারনের জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নেত্রকোণা সদর নেত্রকোণা |
| ৭. | পরিবার পরিকল্পনা বিভাগ | তিনি জানান তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাছাড়া কেন্দ্রীয়ভাবে প্রেরিত সুখী বড়িসহ কিছু ঔষধের স্বল্পতা আছে। যা দ্রুতই স্বাভাবিক অবস্থায় চলে আসবে মর্মে আশাবাদ ব্যক্ত করা হয়। | (ক) বিভিন্ন ইউনিয়নে পরিবার পরিকল্পনা পদ্ধতির আওতায় কি কি কাজ চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বিভিন্ন ইউনিয়নে কতটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/ স্যাটেলাইট ক্লিনিক রয়েছে এবং প্রতিটি কেন্দ্রে ডাক্তার আছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) প্রতিটি স্যাটেলাইট ক্লিনিকে নরমাল ডেলিভারী তথ্য দেয়ার সিদ্ধান্ত হয়। প্রতিটি ক্লিনিকে জাতীয় পতাকা যথাযথভাবে টানানোর সিদ্ধান্ত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর |
| ৮. | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। নভেম্বর ২০২৪ মাসের ১ম সপ্তাহে সকল ভাতা প্রদান করা হবে। প্রতিবন্ধী ভাতার আবেদন গ্রহণ চলমান রয়েছে। | (ক) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা ভাতা ও প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক সংখ্যা সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদনগুলোর পে-রোল রাখতে পরবর্তী কার্যক্রমের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, সদর, নেত্রকোণা<br><br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৯. | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মা ও শিশু সহায়তা ভাতার তালিকা দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | (ক) ভিডব্লিউবি কার্যক্রমে যাতে জটিলতা সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) প্রতিমাসে প্রত্যেক ইউনিয়নে একটি বাল্য বিবাহ প্রতিরোধ সভা করতে হবে।<br>(গ) কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম সচল রাখতে হবে এবং কতটি কিশোর কিশোরী ক্লাব আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে। যেসকল কিশোর কিশোরী ক্লাবে বিভিন্ন পদ শূন্য রয়েছে তা জরুরী ভিত্তিতে পূরণ করতে হবে।<br><br>(ঘ) মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতাভোগীদের নামের তালিকা ইউনিয়ন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নেত্রকোণা সদর<br><br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |

CamScanner

<table>
<tr><td></td><td></td><td></td><td>কমিটি থেকে উপজেলা কমিটিতে দ্রুত পাঠাতে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>১০</td><td>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিষয়ক কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলতি অর্থ বছরে গভীর নলকূপের নতুন বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা ওয়াটসন কমিটির মাধ্যমে নলকূপগুলো স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে।</td><td>গভীর নলকূপসমূহ যথাসময়ে যথাযথভাবে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১১</td><td>পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তিনি জানান যে, উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি, আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচি, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক), পল্লী প্রগতি কর্মসূচি, ক্ষুদ্র উদ্যোক্তা ঋন (এসএমই) কর্মসূচি, বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচির কার্যক্রম চলমান। অগ্রগতি নিম্নরুপ :
<table>
<tr><th>কার্যক্রম</th><th>২০২৪-২০২৫ অর্থবছরে অগ্রগতি</th><th>ক্রমপুঞ্জিত, অগ্রগতি</th></tr>
<tr><td>সমিতি/দলগঠন</td><td>-</td><td>২৮২টি</td></tr>
<tr><td>উপকারভোগী/সদস্য ভর্তি</td><td>-</td><td>৭০৭৬ জন</td></tr>
<tr><td>পুঁজি গঠন ( শেয়ার ও সঞ্চয় আদায়)</td><td>৩.৭০ লক্ষ</td><td>১০১.৮৫ লক্ষ</td></tr>
<tr><td>প্রশিক্ষণপ্রদান</td><td>-</td><td>৩০৭০ জন</td></tr>
<tr><td>ঋণবিতরণ</td><td>৫৭.৩১ লক্ষ</td><td>২১৬৭.২৪ লক্ষ</td></tr>
<tr><td>ঋণআদায়</td><td>৯.১৭ লক্ষ</td><td>১৮৭৩.৩১ লক্ষ</td></tr>
<tr><td>ক্ষুদ্র স্কীম বাস্তবায়ন</td><td>-</td><td>৪৮ টি</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>পল্লী উন্নয়ন কর্মকর্তা, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১২</td><td>সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, আগামী ০৮ জানুয়ারি ২০২৫ তারিখ নেত্রকোণা কেন্দ্রীয় সমবায় ব্যাংকে ম্যানিজিং কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। তাছাড়া আগামী ০২ নভেম্বর ২০২৪ তারিখ জাতীয় সমবায় দিবস উপলক্ষ্যে র‍্যালি ও আলোচনা অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান।</td><td>মুজিববর্ষ উপলক্ষে নির্মিত আশ্রয়ন প্রকল্পসমূহে সমিতি গঠন করা হয়েছে কিনা এবং ঋণ বিতরণ করা হয়েছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা সমবায় অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। খাদ্যবান্ধব নীতিমালা ২০২৪ অনুযায়ী নতুন করে খাদ্যবান্ধব ডিলার দ্রুতই নিয়োগ করা প্রয়োজন মর্মে সভায় অবহিত করেন।</td><td>(ক) বর্তমানে কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য ও খাদ্যশস্য কি পরিমান মজুদ আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ওএমএস চাল বিতরণের সময় প্রত্যেক ডিলারের কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা যুব উন্নয়ন</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান আগামী ০১ নভেম্বর জাতীয় দিবস উদযাপন করা হবে। সকলকে জাতীয় যুব দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানান। সেপ্টেম্বর ২০২৪ মাসে যুব কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিম্নরূপ ঃ
<table>
<tr><th>ক্র নং</th><th>বিবরণ</th><th>কার্যক্রম</th></tr>
<tr><td>১</td><td>বরাদ্দকৃত মূলধন</td><td>২,৩১,৮,৮০০/-</td></tr>
<tr><td>২</td><td>মোট বিতরণকৃত ঋণের পরিমাণ</td><td>৩,২১,৯৭,০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>চলতি অর্থ বছরে বিতরণ</td><td>৫,৯০,০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>বিবেচ্য মাসে বিতরণ</td><td>২,৪০,০০০/-</td></tr>
<tr><td>৫</td><td>আদায়যোগ্য ক্রমপুঞ্জিত</td><td>২,৬১,১২,৩৭১/-</td></tr>
<tr><td>৬</td><td>আদায়কৃত ক্রমপুঞ্জিত</td><td>২,৫৩,৭১,৬৮৭/-</td></tr>
<tr><td>৭</td><td>আদায়ের হার</td><td>১০০%</td></tr>
<tr><td>৮</td><td>আদায়যোগ্য চলমান</td><td>১,৯০,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>আদায়কৃত চলমান</td><td>১,৯০,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>আদায়ের হার</td><td>১০০%</td></tr>
<tr><td>১১</td><td>মেয়াদ উর্ত্তীন খেলাপী পরিমান</td><td>১০,৫৪,৬৫০/-</td></tr>
<tr><td>১২</td><td>ঋন খেলাপী আদায়</td><td>-</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা</td></tr>
</table>

CamScanner

+

<table>
<tr><td></td><td></td><td><table>
<tr><td>১৩</td><td>কিস্তি খেলাপীর পরিমান</td><td>৩৩,৮৬০/-</td></tr>
<tr><td>১৪</td><td>কিস্তি খেলাপী আদায়</td><td>১৩৮৬০/-</td></tr>
<tr><td>১৫</td><td>মোট উপকার ভোগীর সংখ্যা</td><td>৫৮৯ জন</td></tr>
<tr><td>১৬</td><td>মোট ঋন সংখ্যা</td><td>৭৯১ জন</td></tr>
<tr><td>১৭</td><td>চলমান ঋন সংখ্যা</td><td>৯৮ জন</td></tr>
<tr><td>১৮</td><td>চলতি বছরে প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>৩০ জন</td></tr>
<tr><td>১৯</td><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>৬২৪৫ জন</td></tr>
<tr><td>২০</td><td>চলতি অর্থ বছরে আত্মকর্মীর সংখ্যা</td><td>২২ জন</td></tr>
<tr><td>২১</td><td>ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা</td><td>৪১৪৪ জন</td></tr>
</table></td><td></td><td></td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন, স্কুল ও মাদ্রাসার শ্রেণি কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিতকরণ, মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। শ্রেনি শিক্ষকগণের তালিকা প্রেরণ সংক্রান্ত কার্যক্রমসহ সরকারী অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া তিনি জানান ৫ম হতে ৯ম শ্রেণি পর্যন্ত অধ্যয়নরত সকল ছাত্রীদের বিনামূল্যে এইচপিভি টিকা প্রদানের বিষয়টি শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করা হয়েছে।</td><td>(ক) প্রতি মাসে ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) নিয়মিত বিদ্যালয় /মাদ্রাসা পরিদর্শন করতে হবে।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৬</td><td>পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন</td><td>উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন সেপ্টেম্বর/২০২৪ মাসের অগ্রগতি নিম্নলিখিতভাবে উপস্থাপন করেন।<table>
<tr><td>কার্যক্রমের নাম</td><td>বিতরণের পরিমান</td><td>আদায়যোগ্য</td><td>আদায়</td><td>আদায়ের</td></tr>
<tr><td>ক্ষুদ্র ঋণ</td><td>২৯.৩২</td><td>৪২.০৩</td><td>৪০.৫০</td><td>৯৬%</td></tr>
<tr><td>নারী উদ্যোক্তা ঋন</td><td>২৭.১০</td><td>৩৭.০৯</td><td>৩৫.৮৮</td><td>৯৭%</td></tr>
<tr><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋন</td><td>১৯.৪০</td><td>১৫.৪০</td><td>১৪.৯৩</td><td>৯৭%</td></tr>
<tr><td>প্রণোদনা ২য় পর্যায়</td><td>০</td><td>১৪.৪৭</td><td>১৩.৯৭</td><td>৯৭%</td></tr>
</table>এছাড়াও মাঠ পর্যায়ে সাপ্তাহিক প্রশিক্ষণ ফোরাম ও বিভিন্ন প্রকার সামাজিক প্রশিক্ষণ প্রদান করে থাকে।</td><td>কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে।</td><td>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৮</td><td>বন বিভাগ</td><td>প্রতিনিধি বন বিভাগ জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>আগামী সভায় বিভাগীয় কার্যক্রমসহ উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা বন সংরক্ষন অফিসার</td></tr>
<tr><td>১৯</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক, নেত্রকোণা সদর সভায় জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক এর খেলাপী ঋন আদায়ের জন্য আইনি প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে।</td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>২০</td><td>স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান যে, বর্তমানে জরায়ু ক্যান্সার মহামারী আকার ধারন করছে। জরায়ু ক্যান্সার প্রতিরোধে ৫ম শ্রেণি হতে ৯ম শ্রেণি পর্যন্ত সকল বিদ্যালয়ের ছাত্রীদের বিনামূল্যে জরায়ু ক্যান্সার প্রতিরোধের ০১(এক) ডোজ টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে।</td><td>(ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে কি কি ধরণের ঔষধ বিনামূল্যে প্রদান করা হয় এবং কি কি সরকারি সেবা প্রদান করা হয় তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) উপজেলা কতগুলো কমিউনিটি ক্লিনিক আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে এবং কমিউনিটি ক্লিনিকগুলোতে বিনামূল্য কি কি সেবা ও ঔষধ প্রদান করা হয় তার তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিতি</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।</td></tr>
</table>

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | নিশ্চিত করতে হবে।<br>(ঘ) প্রতিমাসে অন্তত ০৩টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে। | |
| ২১ | উপজেলা পরিচালন ও উন্নয়ন | উপজেলা ফিসিলিটেটর জানান স্থানীয় সরকারকে শক্তিশালীকরণের জন্য উপজেলা ওয়েব পোর্টাল আপডেট করতে হবে। তিনি উপজেলা পরিষদের মাসিক কার্যবিবরণী, এডিপি'র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ও পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রনয়ন এবং তা ওয়েব পোর্টালে আপডেট করার জন্য অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি)<br>উপজেলা পর্যায়ে কর্মকর্তা (সকল)<br>ইউপি চেয়ারম্যান (সকল) | |
| ২২ | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের সরকার নির্ধারিত কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। তিনি জানান জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের তথ্য সংগ্রহের জন্য গ্রাম পুলিশদের কাজে লাগাতে হবে। প্রয়োজনে জন্ম-মৃত্যু নিবন্ধনের কার্যক্রমে এডিপি বরাদ্দের ১% অর্থ ব্যয় করা যাবে। | জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সরকার নির্ধারিত কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২৩ | আয় ও ব্যয়ের হিসাব বিবরণী | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ০১.০৯.২০২৪ তারিখ হতে ৩০.০৯.২০২৪ তারিখ পর্যন্ত ব্যাংক বিবরণী মোতাবেক স্থিতি ১,৭৩,৯৫,৯১৯.৭২ টাকা। | প্রশাসক, উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>নেত্রকোণা সদর, নেত্রকোণা | |
| ২৪ | বিবিধ-১ | (ক) উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৪ মাসের আপ্যায়ন, উপজেলা পরিষদের স্থায়ী কমিটির আপ্যায়ন, আনুষংগিক বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদের বিভিন্ন অনুষ্ঠানের ব্যানার ও ফুলের তোরা বাবদ বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা পরিষদের পত্রিকা বিল পরিশোধ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদের প্রিন্টার মেরামত, কালির কার্টিজ ও রাউটার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) উপজেলা পরিষদের ড্রেন, আশ-পাশ পরিস্কার পরিচ্ছন্নতার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) উপজেলা পরিষদ ও উপজেলা হল রুমের ইন্টানেট বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ছ) মদনপুর দৃষ্টি প্রতিবন্ধী স্কুলের শিক্ষার্থীদের মাঝে টিফিন সরঞ্জামাদি বিতরণের বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঝ) উপজেলা লিগ্যাল এইড কমিটির সভার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক উল্লেখিত ব্যয় সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মিটানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ২৫ | বিবিধ-২ | গত ১৫/০২/২৪ তারিখে জাতীয় পর্যায়ে স্টিয়ারিং কমিটির আলোচনায় নির্দেশনামতে সকল ইউনিয়ন পরিষদে ইউডিসির মাধ্যমে বিদেশ গমনেচ্ছুদের আবেদনের ব্যবস্থা এবং ইউডিসি প্রদত্ত সেবার নির্ধারিত মূল্য তালিকা অনুসরণের বিষয়ে আলোচনা হয়।<br><br>তাছাড়া স্মার্ট বাংলাদেশ বিনির্মানে এখন থেকে ডিজিটাল মাধ্যমে prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সম্বলিত সনদ প্রদানের বিষয়ে আলোচনা হয়। | (ক) ইউডিসির মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে বিদেশ গমনেচ্ছুদের আবেদন সেবা চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ইউডিসি'র নির্ধারিত সেবামূল্য তালিকা অনুসরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) স্মার্ট বাংলাদেশ বিনির্মানে এখন থেকে ডিজিটাল মাধ্যমে prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সম্বলিত সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ২৬ | বিবিধ-৩ | ডেঙ্গু মশাবাহিত রোগ নিয়ন্ত্রণে সকল বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য সংশ্লিষ্ট বাজারের ইজারাদারদের পত্র দেয়ার জন্য সভায় আলোচনা হয়। | বাজারের ইজারাদারদের পত্র দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | বিবিধ-৪ | শিক্ষার মানোন্নয়নে প্রতিষ্ঠানে নিয়মিতভাবে (প্রতি তিনমাসে একবার) নিম্নোক্ত সভা অনুষ্ঠানের জন্য আলোচনা করা হয়। (১) শিক্ষক সমাবেশ, (২) অভিভাবক/ মা সমাবেশ, (৩) মাদক ও কিশোর গ্যাং বিরোধী সমাবেশ, (৪) যৌতুক নিরোধ সমাবেশ, (৫) ডেঙ্গু নিরোধ/ পরিবেশ সংরক্ষণ সমাবেশ, (৬) প্রাত্যহিক সমাবেশ। উক্ত সমাবেশ/সভা অনুষ্ঠান আয়োজন করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রমানক সহ প্রতিবেদন প্রেরণ করার জন্য আলোচনা হয়।<br>এছাড়াও ছাত্র-ছাত্রীদের মেধার বিকাশ ও সাংগঠনিক নেতৃত্ব গুন বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ে প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে নিম্নোক্ত ক্লাব গঠন ও নিয়মিত কার্যক্রম পরিচালনা বিষয়ে আলোচনা করা হয়। (১) সাইন্স ক্লাব, (২) ডিবেট ক্লাব, (৩) কালচারাল ক্লাব, (৫) কল্যান ক্লাব, (৬) ল্যাংগুয়েজ ক্লাব। | (ক) সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচিত সভা/সমাবেশ আয়োজন করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রমানক সহ প্রতিবেদন প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ছাত্র-ছাত্রীদের মেধার বিকাশ, সাংগঠনিক নেতৃত্ব গুন বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ে প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে নিম্নোক্ত ক্লাব গঠন ও নিয়মিত কার্যক্রম পরিচালনা বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(১) সাইন্স ক্লাব, (২) ডিবেট ক্লাব, (৩) কালচারাল ক্লাব, (৫) কল্যান ক্লাব, (৬) ল্যাংগুয়েজ ক্লাব। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br><br>উপজেলা শিক্ষা অফিসার শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণের দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/১০/২৪

(তানিয়া তাবাসসুম)
প্রশাসক
উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা

স্মারক নম্বর-০৫.৪৫.৭২৭৪.০০০.১৮.০০১.১৯-৮৭৫

তারিখ : ২৮ অক্টোবর ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৫. চেয়ারম্যান...............................ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৬. উপজেলা................................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৭. চেয়ারম্যান,.................................ইউনিয়ন পরিষদ(সকল) নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৮. ..............................................................................................................

২৮/১০/২৪

(তানিয়া তাবাসসুম)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা

CamScanner